

**পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের দারিদ্র
দূরীকরণ স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত**

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাগৃহে আজ পরিষদের দারিদ্র দূরীকরণ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। কমিটির সভাপতি মন্টু রঞ্জন দাসের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় পরিষদের সভাপতি দিলীপ কুমার দাস, সহকারী সভাপতি মনমোহিনী দেবনাথ, সংশ্লিষ্ট কমিটির সদস্যগণ ছাড়াও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। সভায় মৎস্য আধিকারিক বিজয় রায় জানান, চলতি অর্থ বছরে পশ্চিম জেলায় এম জি এন রেগায় ১৯টি নতুন পুকুর খননের কাজ হাতে নেওয়া হয়েছে। ইতিমধ্যে ১২টি পুকুর খনন করা হয়েছে। ৭টি পুকুরের খনন কাজ চলছে। এ কাজে মোট ৫৬ লক্ষ ৪৭ হাজার টাকা ব্যয় হবে। তিনি জানান, এখন পর্যন্ত পশ্চিম জেলায় ২৫ লক্ষ মাছের পোনা মাছ চাষীদের মধ্যে বিলি করা হয়েছে। বর্তমানে মান্দাই, বেলবাড়ি ও মোহনপুর এই তিনটি ব্লক এলাকায় ৩টি মৎস্য চাষের সামগ্রী মজুত করার স্টোর নির্মাণের কাজ চলছে। প্রতিটি স্টোর নির্মাণে ১৫ লক্ষ টাকা করে ব্যয় হবে। সভায় পানীয় জল ও স্বাস্থ্য বিধি দপ্তরের কার্যনির্বাহী প্রকৌশলী অজিত দেবনাথ জানান, জেলায় বর্তমানে ২০৯টি ডিপ টিউবওয়েল এবং ৯৫টি আয়রণ রিমুভ্যাল প্ল্যান্ট রয়েছে। এ বছর মান্দাই ব্লকের কাঁথিরাম বাড়ি, নলবাকলা এবং লেফুঙ্গা ব্লকের গামছা কোবরায় নতুন ৩টি ডিপটিউবওয়েল বসানোর উদ্যোগ নেওয়া হয়েছে। গ্রামোন্নয়ন দপ্তরের সহকারী প্রকৌশলী ডি. বর্মান সভায় জানান, এই দপ্তরের উদ্যোগে জেলায় বর্তমানে ১৩০টি মিনি ডিপটিউবওয়েল বসানোর উদ্যোগ নেওয়া হয়েছে। এখন পর্যন্ত ৭৫টি মিনি ডিপটিউবওয়েল বসানোর কাজ শেষ হয়েছে। প্রতিটি মিনি ডিপটিউবওয়েল খননে ২ লক্ষ ৩০ হাজার টাকা করে ব্যয় হবে।
